**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/15/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে নিউ ইয়র্ক স্টেট মার্কেটপ্লেসের মাধ্যমে আওতাধীন থাকতে পদক্ষেপ নেওয়ার ব্যাপারে স্মরণ করিয়ে দিলেন

***মেডিকেইড, চাইল্ড হেলথ প্লাস, এবং এসেন্সিয়াল প্ল্যানে নথিভুক্ত 9 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসীকে যোগ্যতার পুনর্নির্ধারণ নোটিশ বিতরণ করা হচ্ছে কারণ সরকারি কর্মসূচি অব্যাহত রাখার জন্য ফেডারেল আইন এখন যোগ্যতার পুনঃমূল্যায়ন আবশ্যক করেছে***

***নিউ ইয়র্কের সরকারি স্বাস্থ্য বীমা কর্মসূচিতে নথিভুক্ত ব্যক্তিদের এখন স্বাস্থ্য বীমা আওতায় শূন্যস্থান এড়াতে শেষ সময়ের পূর্বে তাদের বীমার নবায়ন করাতে হবে***

***NY স্টেট অফ হেলথের মার্কেটপ্লেস ভোক্তাদেরকে সহায়তা করতে, সরকারি স্বাস্থ্য জরুরি ব্যবস্থা থেকে বের হয়ে আসার সময় উন্মুক্ত নথিভুক্ত করা বজায় রাখতে প্রস্তুতি নিচ্ছে***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সরকারি স্বাস্থ্য বীমা কর্মসূচিসমূহে নথিভুক্ত 9 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসীর জন্য বীমার নবায়ন শুরু হয়েছে, এবং ভোক্তাদের আওতাধীন থাকতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক তৈরি আছে। ফেডারেল একত্রিত যথাযথকরণ আইন 2023 (Consolidated Appropriations Act of 2023) ব্যক্তিদেরকে ধারাবাহিকভাবে মেডিকেইড (Medicaid), চাইল্ড হেলথ প্লাস (Child Health Plus), এবং এসেন্সিয়াল প্ল্যানে (Essential Plan) অন্তর্ভুক্ত রাখার আবশ্যিকতার সমাপ্তি করে। ফেডারেল আইন এখন সরকারি কর্মসূচি অব্যাহত রাখার জন্য যোগ্যতার পুনর্মূল্যায়নকে আবশ্যিক করেছে। স্টেটের বর্তমান নথিভুক্তরা তাদের আওতা শেষ হওয়ার তারিখের আগেই নবায়নের নোটিশ পাবে যেখানে কীভাবে আওতাধীন থাকতে হবে তার বিস্তারিত নির্দেশনা এবং পদক্ষেপ গ্রহণের শেষ সময় বলা থাকবে।

"নিউ ইয়র্কবাসীদের মানসম্পন্ন সাশ্রয়ী স্বাস্থ্য সেবা পাওয়ার সুযোগ প্রাপ্য, সেজন্য রেকর্ড সংখ্যক নিউ ইয়র্কবাসীকে স্বাস্থ্য বীমা প্রদান করাকে আমার প্রশাসন অগ্রাধিকার প্রদান করেছে," **গভর্নর হোকল বলেন।** "আমাদের স্টেটের সকলের যাতে উপলভ্য সেরা চিকিৎসা পাওয়ার সুযোগ থাকে তা আমরা আমাদের দেশের শীর্ষস্থানীয় স্বাস্থ্যসেবা ব্যবস্থার মাধ্যমে নিশ্চিত করছি এবং আমি নিউ ইয়র্কবাসীকে তাগিদ প্রদান করছি নিউ ইয়র্কের সরকার স্বাস্থ্য বীমা কর্মসূচিসমূহে তাদের আওতা নবায়ন করার জন্য।"

স্বাস্থ্য বিভাগের (Department of Health) সাথে সহযোগিতায় স্টেটব্যাপী অংশগ্রহণকারী স্বাস্থ্য বীমা পরিকল্পনা, স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং হাজার হাজার প্রত্যয়িত নথিভুক্তকরণ কর্মী নবায়ন প্রক্রিয়ায় ভোক্তাদের সহায়তা করতে এবং নিউ ইয়র্কবাসীকে আওতাধীন রাখতে প্রস্তুত আছে। স্বাস্থ্য বিভাগ ফেডারেল সরকারের নির্দেশনা পর্যালোচনা করেছে; ব্যবস্থা উন্নত করার পরিকল্পনা তৈরি করেছে; সংস্থান ও বর্ধিত কর্মী বৃদ্ধি করেছে; এবং নিউ ইয়র্কবাসীদের কে তাদের বীমা কর্মসূচির পরিবর্তন সামাল দিতে সাহায্য করতে স্টেটের ও ফেডারেল সরকারের কর্মকর্তা, স্থানীয় সামাজিক সেবা বিভাগ, অংশীদার, অ্যাডভোকেট এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে সহযোগিতামূলক কাজ করেছে।

**ভারপ্রাপ্ত স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন,** "কোভিড-19 নিউ ইয়র্কবাসীদের উপর মারাত্মক আবেগিক, শারীরিক এবং আর্থিক চাপ সৃষ্টি করেছে, তাই মহামারীর পর তাদের প্রয়োজনীয় সকল সংস্থান তাদের কাছে থাকা অতি গুরুত্বপূর্ণ। নিউ ইয়র্কবাসীরা যাতে আওতাধীন থাকে এবং মানসম্পন্ন ও সাশ্রয়ী স্বাস্থ্য বীমা পাওয়ার সুযোগ পায় তা নিশ্চিত করতে বিভাগ প্রতিশ্রুতিবদ্ধ রয়েছে।"

**নিউ ইয়র্ক স্টেটের মেডিকেইড পরিচালক আমির বাসিরি বলেন,** "মহামারী সৃষ্ট বিপত্তি কাটিয়ে উঠতে স্টেটকে সাহায্য করার জন্য গত তিন বছর ধরে স্বাস্থ্য বিভাগ অন্যান্য এজেন্সি, স্টেকহোল্ডার এবং সম্প্রদায়ের সাথে সহযোগিতা করেছে। মহামারী পরবর্তী ক্রান্তিকালীন নিউ ইয়র্কে সর্বাধিক দুর্বল নিউ ইয়র্কবাসীদের জন্য স্বাস্থ্য বীমার আওতা, সুরক্ষা ও সেবা, যার উপর তারা নির্ভরশীল তা সংরক্ষণ করার জন্য আমাদের প্রচেষ্টা রয়েছে।"

**নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের (New York State of Health) নির্বাহী পরিচালক ড্যানিয়েল হোলাহ্যান বলেন,** "মহামারী সময় নজিরবিহীন অর্থনৈতিক ও গণস্বাস্থ্য অনিশ্চয়তার সময় নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে বিনামূল্যে বা কম খরচে স্বাস্থ্য বীমা প্রদান করেছে। আওতাধীন থাকার জন্য আমাদের সকল সদস্যের কাছে যাতে সকল সুযোগ থেকে তা নিশ্চিত করার আগে আমরা থামবো না।"

আগামী বছরজুড়ে, বর্তমান নথিভুক্তরা তাদের আওতার শেষ তারিখের ভিত্তিতে নবায়নের নোটিশ পাবে। যেসকল নথিভুক্তদের আওতা 30 জুন শেষ হবে তারা ইতিমধ্যে তাদের নবায়ন নোটিশ পাওয়া শুরু করেছে। নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের নথিভুক্ত ব্যক্তিদের উচিত তাদের নবায়ন নোটিশের নির্দেশনা অনুসরণ করা এবং স্বাস্থ্য বীমা আওতায় শূন্যস্থান এড়ানোর জন্য নবায়নের সময় শুরু হলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। যেসকল সদস্য তাদের কাউন্টির স্থানীয় সামাজিক সেবা বিভাগ (Local Department of Social Services) বা নিউ ইয়র্ক সিটির হিউমেন রিসোর্সেস প্রশাসনের (New York City Human Resources Administration, HRA)মাধ্যমে নথিভুক্ত হয়েছিলেন, তারা মেইলের মাধ্যমে একটি নবায়ন প্যাকেট পাবে এবং তাদেরকে তাদের আওতা নবায়ন করার জন্য প্যাকেটে বর্ণিত নির্দেশনা ও শেষ তারিখ অনুসরণ করতে হবে।

মহামারী শুরুর পর থেকে যেসকল নিউ ইয়র্কবাসীর উপার্জন এবং অন্যান্য পারিবারিক পরিস্থিতির পরিবর্তন হয়েছে এবং যারা এখন আর সম্পূর্ণ ভর্তুকির সরকারি আওতার জন্য যোগ্য না, তাদের জন্য বিনামূল্যের বা নিম্ন ব্যয়ের স্বাস্থ্য বীমা বিকল্পের একটি ব্যাপক ব্যাপ্তি উপলভ্য আছে। নিম্ন আয়ের ব্যক্তিদের জন্য নিউ ইয়র্কের এসেন্সিয়াল প্ল্যান মেডিকেইডের জন্য এখন আরো যোগ্য নয় এমন নিউ ইয়র্কবাসীদের জন্য স্থানান্তর সহজতর করবে এবং উন্নত ফেডারেল কর ক্রেডিট একটি যোগ্য স্বাস্থ্য পরিকল্পনায় (Qualified Health Plan) স্থানান্তর করতে থাকা ব্যক্তিদের জন্য আওতাকে আরো সাশ্রয়ী করবে।

নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের নথিভুক্ত হওয়ার সুযোগ 2024 সালের মে মাস পর্যন্ত খোলা থাকবে যাতে করে পুনর্মূল্যায়নের সময় মেডিকেইড, চাইল্ড হেলথ প্লাস, বা এসেন্সিয়াল প্ল্যানের আওতা থেকে বের হয়ে যাওয়া ব্যক্তিরা যোগ্য হলে একটি যোগ্য পরিকল্পনায় নথিভুক্ত হতে পারবে।

নিউ ইয়র্ক সাম্প্রতিক বছরগুলিতে ফেডারেল প্রয়াসের সাথে মিলিত হয়ে স্বাস্থ্য বীমার ক্রয়ক্ষমতা ও উপলভ্যতা উন্নত করতে ব্যাপক অগ্রগতি করেছে এবং বীমাহীনের হার ঐতিহাসিক কম মাত্রায় নামিয়ে এনেছে:

- 2021 অর্থবছরের স্টেট বাজেটে, নিউ ইয়র্ক মেডিকেইডের জন্য উপযুক্ত নয় এমন ফেডারেল দারিদ্র্য সীমার (Federal Poverty Level, FPL) 200 ভাগ পর্যন্ত উপার্জনসহ প্রাপ্তবয়স্কদের জন্য এসেন্সিয়াল প্ল্যানের প্রিমিয়াম অপসারণ করেছে;
- 2021 সালে FPL এর 200 ভাগ পর্যন্ত উপার্জনসহ নিউ ইয়র্কবাসীদের জন্য যোগ্য স্বাস্থ্য পরিকল্পনার জন্য বর্ধিত প্রিমিয়াম কর ক্রেডিটের উপলভ্যতা নিউ ইয়র্ক ত্বরান্বিত করেছে।
- স্টেটের 2023 অর্থবছরের বাজেটে, নিউ ইয়র্ক মেডিকেইডে গর্ভবতী ব্যক্তিদের জন্মদান পরবর্তী আওতা 12 মাস পর্যন্ত বৃদ্ধি করেছে, চাইল্ড হেলথ প্লাস কর্মসূচিসমূহে FPL এর 222 ভাগ বা তার কম উপার্জনসহ শিশুদের জন্য প্রিমিয়াম অপসারণ করেছে, এবং মেডিকেইড যোগ্যতার মাত্রা FPL এর 138 ভাগে থাকা প্রাপ্তবয়স্কদের জন্য মানানসই করেছে।

- স্টেটের অর্থবছর 2024 এর বাজেটে, স্টেট আরো নিম্ন ও মধ্যম আয়ের, FPL এর 250 ভাগ পর্যন্ত উপার্জনসহ নিউ ইয়র্কবাসীদের জন্য এসেন্সিয়াল প্ল্যান বিস্তৃত করতে ফেডারেল মওকুফ সন্ধানের জন্য এর ইচ্ছা আরেকবার বর্ণনা করেছে, যা ভোক্তাদের জন্য মেডিকেইড থেকে বের হয়ে আসার প্রক্রিয়া সহজতর করবে।

নিউ ইয়র্ক স্টেট মার্কেটপ্লেস (New York State Marketplace) যোগ্যতা ও নবায়ন সম্পর্কে আরো জানার জন্য, নিউ ইয়র্কবাসীরা তাদের স্থানীয় সামাজিক সেবা বিভাগের অফিসে যোগাযোগ করতে পারে বা নিউ ইয়র্ক স্টেট অফ হেলথের ওয়েবসাইট এবং স্বাস্থ্য বিভাগের মেডিকেইড ওয়েবসাইটে আরো জানতে পারবে। গভর্নর হোকলের অর্থবছর 2024 এর প্রণীত বাজেট স্টেটের স্বাস্থ্যসেবা ব্যবস্থাকে সমর্থন করার জন্য অতিরিক্ত 22 মিলিয়ন মার্কিন ডলার বহু

বছরের বিনিয়োগ প্রদান করেছে, যার মধ্যে রয়েছে সেবাদানকারীদের জন্য এবং 7.8 মিলিয়নের বেশি নিম্ন আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য মেডিকেইড সুবিধা সম্প্রসারিত করতে 1 বিলিয়ন মার্কিন ডলার স্বাস্থ্যসেবা মূলধন তহবিল।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন